বাঙ্গালীর প্রতিটি অর্জন কিন্তু রক্তের বিনিময়ে হয়েছে

চুয়াডাঙ্গা ১ আসনের এমপি বীর মুক্তিযোদ্ধা সোলাইমান হক জোয়াদ্দার ছেলুন আলমডাঙ্গার জামজামি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নজরুল ইসলামের আমন্ত্রণে চা চক্রে মিলিত হয়েছেন।

শনিবার সকাল ১০ টার দিকে জামজামি ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে এ চা চক্র অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপজেলা আওয়ামী লীগ, ছাত্রলীগ ও ইউনিয়নে নেতাকর্মীদের সাথে আলাপচারী করেন।

অনুষ্ঠানে চুয়াডাঙ্গা ১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা ছেলুন জোয়াদ্দার জণগণের উদ্দেশ্যে বলেন,ফেব্রুয়ারী মাস ভাষার মাস। এই যে আমরা বাংলায় কথা বলছি, মায়ের ভাষা এইটা কিন্তু এমনি এমনি আসেনি। এর জন্য রক্ত দিতে হয়েছে ।

বাঙ্গালীর প্রতিটি অর্জন কিন্তু রক্তের বিনিময়ে হয়েছে। আপনারা যারা প্রবীন আছেন অনেকেই জানেন। অনেকেই জানেন না। সামনে ২১ ফেব্রুয়ারী। আমরা যথাযোগ্য মর্যাদায় পালন করি।

এর মধ্যেও কিছু ব্যাপার আছে। আমাদের দেশে কিছু ধর্ম ব্যবসায়ী আছে, তারা বলবে এটা পালন করা যাবেনা। যারা শহীদ হয়েছে আমরা তাদের শ্রদ্ধা জানাই। আমরা তো অন্যকিছু করিনা।

তিনি বলেন,আমরা স্বাধীনতার ৫০ বছর পালন করছি। ১৯৭১ সাল থেকে ২২ সাল পর্যন্ত এই ৫০ বছর পূর্তি উৎসব পালন করছি । আপনারা বলেন, এখানে যদি বিএনপি- জামায়াতের কেউ থেকে থাকেন আপনিও বুকে হাত দিয়ে বলেন,এই ৫০ বছরে আওয়ামী লীগ যে কয় বছর ক্ষমতায় এসেছে, শেখ হাসিনা যে উন্নয়ন করেছে, এই ৫০ বছরে আর কোন সরকার করেছে? কেউ করেনি। অনেকেই এমপি হয়েছে তারা এই অঞ্চলের জন্য কিছুই করেনি।

শেখ হাসিনা দেশের জন্য কি করেনি, বিধবা ভাতা বয়স্ক ভাতা,মা- বোনদের মাতৃকালীন ভাতা দিচ্ছে। স্কুলের শিক্ষার্থীদের উপবৃত্তি দিচ্ছে। কৃষকদের ভুর্তকী দিচ্ছে, মোবাইলে টাকা চলে আসছে। এইসব গুলো বিএনপি জামাত সহ্য করতে পারছে না। তাদের আর কোন ইস্যু নেই। এখন বলছে ম্যাডাম খালেদা জিয়াকে বিদেশে পাঠাতে হবে। কেনো এদেশে চিকিৎসা নিয়ে সুস্থ হয়ে তিনি বাড়ি ফিরেছেন।

আজকে শেখ হাসিনা যে উন্নয়ন করেছে। দেশ যখন উন্নয়ন রোল মডেল হিসেবে এগিয়ে যাচ্ছে, তখন বিএনপি জামায়াত ষড়যন্ত্র শুরু করেছে। দলের নেতা কর্মিদের ঐক্যবদ্ধ হতে হবে। সাধারন মানুষকে বোঝাতে হবে। শেখ হাসিনা যেসব উন্নয়ন করেছে, সেগুলো তুলে ধরতে হবে।

এসময় উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ইয়াকুব আলি মাস্টার, জেলা আওয়ামী লীগের বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম, সাবেক পৌর আওয়ামী লীগের সভাপতি ও জেলা পরিষদের সদস্য আবু মুছা, জামজামি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রাহাব উদ্দিন, আলমডাঙ্গা উপজেলা ছাত্রলীগের সভাপতি ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন, পৌর আওয়ামী লীগের যুগ্ন সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম পিন্টু, জেলা পরিষদের সদস্য ও জেলা যুবলীগের সদস্য তপন কুমার বিশ্বাস, আওয়ামীলীগ নেতা শাহাদত, ইউনিয়ন যুবলীগের আহবায়ক আবু মুছা, যুগ্ন আহবায়ক লাল্টু রহমান, খালেক, আসাদুজ্জামান, ডেভিড, দাউদ আলি, লসকরসহ জামজামি ইউনিয়ন আওয়ামীলীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় মানসিক রোগে আক্রান্ত এক নারীর আত্নহত্যা

আলমডাঙ্গার মোড়ভাঙ্গায় মানসিক রোগে আক্রান্ত শিউলি খাতুন নামের এক নারী গলায় ওড়না দিয়ে ফাঁস লাগিয়ে আত্নহত্যা করেছে।

শনিবার দুপুর ১ টার দিকে শিউলির পিতার বাড়ি মোড়ভাঙ্গা গ্রামে এ আত্নহত্যার ঘটনা ঘটে। এ ঘটনায় শিউলির পিতা বাদি হয়ে আলমডাঙ্গা থানায় অপমৃত্যুর মামলা দায়ের করেন।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার হারদি ইউনিয়নের মোড়ভাঙ্গা গ্রামের ইলুমদ্দিনের মেয়ে শিউলি খাতুন (৩২)। সে দীর্ঘ ১২ বছর যাবৎ মানসিক রোগে ভুগছিলো। তাকে পাবনার মানসিক হাসপাতালে নিয়মিত চিকিৎসা কার্যক্রম চলছিলো।

শিউলি খাতুন মানসিক রোগী হওয়ায় প্রথম স্বামীর নিকট ডিভোর্সের

পর গত ৩ বছর পূর্বে রোয়াকুলি গ্রামের জহুরুলের সাথে বিবাহ হয়। বিবাহ পর থেকে সে তার পিতার বাড়ি মোড়ভাঙ্গাতে থাকে এবং চিকিৎসা করে।

শনিবার দুপুর ১ টার দিকে মোড়ভাঙ্গায় তার পিতার বাড়িতে নিজ ঘরের ফ্যানে ওড়না পেঁচিয়ে আত্নহত্যা করে।

এ ঘটনায় খবর পেয়ে শনিবার দুপুরে আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) অপারেশন একরাম হোসেন সঙ্গীয় ফোর্স ঘটনাস্থলে উপস্থিত হয়। সুরতহাল রিপোর্ট শেষে দাফন সম্পন্ন করে শিউলির পরিবারের লোকজন।

দামুড়হুদা বাসস্ট্যান্ড বাজার কমিটির ত্রিবার্ষিক নির্বাচন সম্পন্ন

দামুড়হুদা উপজেলা সদরে বাসস্ট্যান্ড বাজার কমিটির ত্রিবার্ষিক নির্বাচন সকল প্রকার স্বাস্থ্যবিধি মেনে আনন্দ উৎসবের মধ্যে কোন অপ্রীতিকর ঘটনা ছাড়াই শান্তিপূর্ণ ভাবে সম্পন্ন হয়েছে।

শনিবার সকাল ৯ থেকে বিরতিহীন ভাবে বিকাল ৩টা পর্যন্ত দামুড়হুদা বাসস্ট্যান্ড বাজার কমিটির ত্রিবার্ষিক নির্বাচন সম্পন্ন হয়েছে। চুয়াডাঙ্গা জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক ঘোষিত সকল প্রকার স্বাস্থ্য বিধি মেনে, শারীরিক দূরত্ব বজায় রেখে তাদের পছন্দের প্রার্থীদের ভোটাধিকার প্রয়োগ করেন।

উক্ত নির্বাচনে ১০টি পদের বিপরীতে ২২ জন প্রার্থী থাকলেও ৪টি পদের প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। ৬টি পদের বিপরীতে সরাসরি ভোট যুদ্ধে নামেন ১৩ জন প্রার্থী। মোট ভোটার ২১৩ হলেও ভোটাধিকার প্রয়োগ করেন ২০৪ জন ভোটার।

সভাপতি পদে ২ জনের মধ্যে মোঃ মাকসুদুর রহমান রতন (মোটরসাইকেল) প্রতীক নিয়ে ১১০ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন, তার নিকটতম প্রতিদ্বন্দ্বী মোঃ আশরাফুল আলম (ছাতা) প্রতীক নিয়ে পেয়েছেন ৯৩

ভোট।

সহ-সভাপতি পদে ২ জনের মধ্যে মোঃ মুনতাজ (ফুটবল) প্রতীক নিয়ে ১৪১ ভোট পেয়ে নির্বাচিত হয়েছে, তার নিকটতম প্রতিদ্বন্দ্বী মোঃ শাহজাহান (আনারস) প্রতীক নিয়ে পেয়েছেন ৬২ ভোট।

সাধারণ সম্পাদক পদে ৩ জনের মধ্যে মোঃ সাদেক আলী পাখি (চশমা) প্রতীক নিয়ে ৮৫ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন, তার নিকটতম প্রতিদ্বন্দ্বী মোঃ মোস্তাফিজুর (আম) প্রতীক নিয়ে ৭০ ভোট ও শাহিদুল ইসলাম সাইদুল (টিউবওয়েল) প্রতীক নিয়ে ৪৯ ভোট পেয়েছেন।

যুগ্ম-সম্পাদক পদে ২ জনের মধ্যে মোঃ মনিরুল ইসলাম (টেবিল) প্রতীক নিয়ে ১২৭ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন, তার নিকটতম প্রতিদ্বন্দ্বী মোঃ রবিউল ইসলাম (বৈদ্যুতিক পাখা) প্রতীক নিয়ে ৭৫ ভোট পেয়েছেন।

কোষাধ্যক্ষ পদে ২ জনের মধ্যে মোঃ সাব্বির আহমেদ সবুজ (তালগাছ) প্রতীক নিয়ে ১৫৯ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন, তার নিকটতম মোঃ সাইফুল ইসলাম সজল (সূর্যমুখী ফুল) প্রতীক নিয়ে ৩৫ পেয়েছেন।

ক্রীড়া সম্পাদক পদে ২ জনের মধ্যে মোঃ আব্দুল হাই (জগ) প্রতীক নিয়ে ১০৯ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন, তার নিকটতম প্রতিদ্বন্দ্বী মোঃ ইমান মোল্লা (আপেল) প্রতীক নিয়ে ৯১ ভোট পেয়েছেন।

বিনা প্রতিদ্বন্দ্বিতায় যারা নির্বাচিত হয়েছেন, সাংগঠনিক সম্পাদক পদে মোঃ আব্দুল খালেক,দপ্তর সম্পাদক পদে মোঃ আজের আলী,প্রচার সম্পাদক পদে মোঃ শহিদুল বগা,নির্বাহী সদস্য পদে মোঃ নাজমুল, মোঃ ইয়ানবী, মোঃ হাফিজুর, মোঃ আতিয়ার রহমান মিলন, মোঃ সাইফুল, মোঃ হাফিজুর রহমান।

দামুড়হুদা বাসস্ট্যান্ড বাজার কমিটির নির্বাচনে প্রধান ভোট গ্রহন কর্মকর্তার দায়িত্ব পালন করেন দামুড়হুদা উপজেলা সমবায় অফিসার মোঃ হারুন-অর-রশীদ। সার্বিক তত্বাবধানে ছিলেন দামুড়হুদা বাসস্ট্যান্ড বাজার কমিটির আহ্বায়ক হাজি আব্দুল হামিদ।

[redacted] [redacted] [redacted] :: [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted], [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

মুজিবনগরে সড়ক দুর্ঘটনায় ৩ জন গুরুতর আহত

মুজিবনগরে ট্রাকের সাথে মটরসাইকেলের সংঘর্ষ ভাই-বোনসহ ৩ জন গুরুতর আহত হয়েছে।

শনিবার বিকালে মুজিবনগর তেলপাম্পের কাছে এ দুর্ঘটনা ঘটে। আহত ব্যাক্তিরা হলেন, জয়পুর গ্রামের আব্দুল মজিদের ছেলে আবু সাঈদ(৪০),তার বোন বাগোয়ান গ্রামের মিনারুল ইসলামের স্ত্রী সাবনিলা(৩০) ও ভাগনি মাইমুনা (৫)।

জানা গেছে,আবু সাঈদ তার বোন সাবনিলা ও ভাগনিকে নিয়ে পাম্প থেকে মটরসাইকেলে তেল ভরে রাস্তায় উঠছিলো। এমন সময় মেহেরপুরের দিক থেকে একটি ট্রাক চলে আসলে তার সাথে ধাক্কা লাগে। ধাক্কা লাগলে ৩ জনই মাটিতে পরে গিয়ে আহত হয়। স্থানীয়রা উদ্ধার করে মুজিবনগর সরকারী স্বাস্থ কমপ্লেক্সে নিয়ে আসে।

এদিকে আবু সাঈদ ও বাচ্চাটার অবস্থা আশংকাজনক হওয়ায় প্রাথমিক চিকিৎসা দিয়ে তাদের মেহেরপুর জেনারেল হাসপাতালে রেফার্ড করা হয়।

স্বাস্থ্যবিধি মেনে শিক্ষাপ্রতিষ্ঠান খোলার পরামর্শ

স্বাস্থ্যবিধি মেনে শিক্ষাপ্রতিষ্ঠান খোলার পরামর্শ দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। শনিবার দুপুরে মানিকগঞ্জ সদর উপজেলার শুভ্র সেন্টারে জেলা স্বাস্থ্য বিভাগের কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় এ পরামর্শ দেন মন্ত্রী।

মন্ত্রী বলেন, শিক্ষাপ্রতিষ্ঠানের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় এবং সরকার সিদ্ধান্ত নিয়ে থাকে।আমাদের কাছে পরামর্শ চাইলে আমরা

পরামর্শ দিয়ে থাকি। ২১ তারিখের পরে শিক্ষাপ্রতিষ্ঠান খোলার বিষয়ে শিক্ষা মন্ত্রী বলেছেন। তবে আমাদের পরামর্শ থাকবে স্বাস্থ্যবিধি মেনে যেন শিক্ষাপ্রতিষ্ঠান খোলা হয়। আর স্কুল-কলেজের যে সমস্ত ছেলে-মেয়েরা এখনো টিকা নেয়নি, তারা যেন দ্রুত সময়ের মধ্যে করোনার টিকা নিয়ে নেয়।

জাহিদ মালেক আরও বলেন, আমাদের লক্ষ্যমাত্রার ৮৫ ভাগ মানুষকে টিকা দেওয়া সম্পন্ন হয়েছে। কাজেই সংক্রামণ এবং মৃত্যুর ঝুঁকি এখন অনেকটাই কমে গেছে। এরপরও আমাদেরকে অবশ্যই স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে এবং বাইরে গেলেই মাস্ক পরতে ও সামাজিক দূরত্ব বজায় রেখে চলাফেরা করতে হবে। সামাজিক আচার-অনুষ্ঠান সীমিতভাবে করার জন্য যেসব নির্দেশনা দেওয়া হয়েছে, তা মেনে চলতে হবে।

এ সময় জেলা সিভিল সার্জন মোয়াজ্জেম হোসেন খান চৌধুরী, মানিকগঞ্জ ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে তত্ত্বাবধায়ক ডা. আরশ্বাদ উল্লাহ, সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. লুতফর রহমানসহ সংশ্লিষ্ট অনেকেই উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় স্ত্রীকে পিটিয়ে ও শ্বাসরোধ করে হত্যার অভিযোগ স্বামীর বিরুদ্ধে

কুষ্টিয়ার কুমারখালীতে সোনালী খাতুন (২২) নামে এক গৃহবধূকে পিটিয়ে ও শ্বাসরোধ করে হত্যার অভিযোগ উঠেছে স্বামী শফিকুল ইসলামের বিরুদ্ধে। এ ঘটনায় পুলিশ মরদেহ উদ্ধারের পাশাপাশি শফিকুল ইসলামকে আটক করেছে।

শনিবার (১২ ফেব্রুয়ারি) সকালে কুমারখালী উপজেলার নন্দলালপুর ইউনিয়নের সুন্দাগ্রামে এ ঘটনা ঘটে। সোনালী খাতুন কুমারখালীর চাপড়া ইউনিয়নের নগরসাওতা গ্রামের পূর্বপাড়ার আনিস উদ্দিনের মেয়ে। স্বামী শফিকুল ইসলাম নন্দলালপুর ইউনিয়নের সুন্দাগ্রামের সিরাজ আলীর ছেলে।

সোনালীর ভাই উজ্জ্বল অভিযোগ করেন, বিয়ের পর থেকেই যৌতুকের দাবিতে বিভিন্ন সময় সোনালীকে মারধর করতেন শফিকুল। যৌতুকের টাকা না পেয়ে শুক্রবার রাতে সোনালীকে নির্মম নির্যাতন করেন শফিকুল। শনিবার সকালে স্থানীয়রা সোনালীকে কুষ্টিয়া সদর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

কুষ্টিয়া জেনারেল হাসপাতালের আবাসিক মেডিক্যাল অফিসার (আরএমও) আশরাফুল আলম জানান, হাসপাতালে নিয়ে আসার আগেই সোনালীর মৃত্যু হয়েছে।

কুমারখালী থানার ওসি কামরুজ্জামান তালুকদার জানান, এ ঘটনায় মামলার প্রস্তুতি চলছে। অভিযুক্ত স্বামী শফিকুল ইসলামকে আটক করা হয়েছে।

দামুড়হুদার কানাইডাঙ্গাতে শিশুকে জবাই করে হত্যা

চুয়াডাঙ্গার জেলার দামুড়হুদা উপজেলার কানাইডাঙ্গা গ্রামের ইয়ামিন হোসেন নামের ৭ বছর বয়সী এক শিশুকে আমবাগানের ভিতরে জবাই করে হত্যা করা হয়েছে।

শনিবার বেলা ২টার দিকে উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের কানাইডাঙ্গা গ্রামের একটি আমবাগানে থেকে তার লাশ উদ্ধার করে স্থানীয়রা। নিহত ইয়ামিন কানাইডাঙ্গা গ্রামের আব্দুর রাজ্জাকের নাতি ও মুজিববনগর উপজেলার জয়রামপুর গ্রামের সেলিম রেজার ছেলে। বাবা-মায়ের বিচ্ছেদের পর মায়ের সাথে নানার বাড়িতে থাকতো ইয়ামিন।

ঘটনার পর থেকে হত্যাকারী জাহিদ পলাতক রয়েছে। হত্যাকারী জাহিদ হাসান(১৬) কার্পাসডাঙ্গা ইউনিয়নের ৭ ওয়ার্ড কানাইডাঙ্গা গ্রামের মেম্বার আশাদুল ইসলামের ছেলে।

পুলিশ ও স্থানীয়রা জানান, দুপুরে বন্ধুরা মিলে বাড়ির পাশে খেলা করছিলো ইয়ামিন ও তার বড় ভাই ইমন। এসময় আশাদুল ইসলামের ছেলে

জাহিদ হাসান ৩০টা দিয়ে মুড়ি কেনার জন্য ইয়ামিনকে দোকানে পাঠায়। মুড়ি কিনার পর অবশিষ্ঠ থাকা ১০টাকা খরচ করে ফেলে ইয়ামিন। পরে জাহিদ বাকী টাকা চাইলে ইয়ামিন দিতে না পারায় তাকে দড়ি দিয়ে গাছের সাথে বেধে মারধর করে। এসময় ইয়ামিনের বড় ভাই ইমন ভয় পেয়ে পালিয়ে এসে ঘটনা বাড়িতে জানালে পরিবারের লোকজন দ্রুত ঘটনাস্থলে গিয়ে বাড়ির পাশে আম বাগানে ইয়ামিনের জবাই করা মরদেহ পড়ে থাকতে দেখে। পরে পুলিশে খবর দিলে খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করেছেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ। তিনি জানায় হত্যায় ব্যবহৃত হেসুয়াটি এখনো উদ্ধার করা সম্ভব হয়নি।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ বলেন, খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করেছি। শিশু ইয়ামিনের হত্যাকারী জাহিদকে আটক করতে পুলিশ অভিযান চালানো হচ্ছে। হত্যায় ব্যবহৃত রক্তাক্ত হেসোয়াটি এখনো উদ্ধার করা যায়নি। লাশ ময়না তদন্তের জন্য মর্গে পাঠানো হচ্ছে। তিনি বলেন, শিশু ইয়ামিনকে গলা কেটে হত্যা করা হয়েছে বলে ধারনা করা হচ্ছে।

মুজিবনগরে মাতৃভাষা দিবস পালনে প্রস্তুতিসভা ও দলকে সুসংগঠিত করার লক্ষে কর্মী সভা অনুষ্ঠিত

মুজিবনগরে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনে প্রস্তুতিসভা ও দলকে সুসংগঠিত করার উপলক্ষে আওয়ামী লীগের কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকাল সাড়ে ১১ টার দিকে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের আয়োজনে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স পি ডব্লিউ ডির রেস্টহাউস প্রাঙ্গণে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা আওয়ামীলীগের অন্যতম সদস্য রফিকুল ইসলাম তোতার সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন
মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু।

উপস্হিত থেকে বক্তব্য রাখেন,মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেন,মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান মফিজ,বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মজিবুর রহমান মধু, সাধারন সম্পাদক নজরুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মুস্তাকিম হক খোকন,সাধারন সম্পাদক মঈনুল হক,মোনাখালী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম অপা,মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদু, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক শেখ সাদী, উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলালউদ্দীন লাভলু,সম্পাদক শেখ সাকিব।

এছাড়া কর্মী সভায় চার ইউনিয়ন ও ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ও সম্পাদক ও উপজেলা আওয়ামী লীগের অঙ্গসংগঠনের সকল নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

গাংনীতে এক দোকানের মাসিক বিদ্যুৎ বিল ৫০ হাজার ২৪২ টাকা

!

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির গাংনী জোনাল অফিসের গাংনী হাসপাতাল বাজার এলাকার নুর মোহাম্মদ নামের এক গ্রাহকের চলতি ফেব্রুয়ারী মাসে ৫০ হাজার ২৪২ টাকা বিদ্যুৎ বীল এসেছে। এই বিরাট অংকের বিদ্যুৎ বীল নিয়ে ওই ব্যবসায়ী এখন পড়েছেন বেকায়দায়।

গাংনী পৌর সভার হাসপাতাল বাজার এলাকার মিটার নং ১৩৪/৮২৪০ এর মালিক নুর মোহাম্মদ।

তিনি জানান, ২০১৩ সালে মিটারটি তিনি আবাসিক হিসেবে নিলেও পরবর্তিতে সেটি মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির গাংনী জোনাল অফিসের মাধ্যমে বানিজ্যিক সংযোগ হিসেবে হিসেবে রুপান্তরিত করে নেন।সেভাবেই প্রতি মাসে বীল দিয়ে আসছেন। চলতি বছরের ফেব্রুয়ারী মাসের জন্য হঠাৎ৫০ হাজার ২৪২ টাকা বীল প্রদান করেছে কর্তৃপক্ষ।

অথচ, সংযোগটির ডিসেম্বর/২১ মাসের বিদ্যুৎ বীল ছিল ৩৬০ টাকা ও জানুয়ারী/২০২২ বিদ্যুৎ বীল ছিল ৪১৬ টাকা।

মিটারটির ব্যবহারকারী রানা বেডিং এর মালিক সোহেল রানা জানান, আমার প্রতি মাসের বিদ্যুৎ বীল আসে ৩ শ থেকে সাড়ে ৪ শ টাকার মধ্যে। হঠাৎ ৫০ হাজার ২৪২ টাকা বিদ্যুৎ বীল দেখার পরে আজ (শনিবার ১২ ফেব্রুয়ারী)আমি মেহেরপুর পল্লী বিদ্যুৎ এর গাংনী জোনাল অফিসের ডিজেএমের সাথে দেখা করি। তিনি বলেছেন, সংযোগের মুল মালিককে যোগাযোগ করতে বলেন।তিনি আরও বলেছেন আমি এই সংযোগটি ব্যবহার শুরু করলে প্রথম মাসে মিটার রিডাররা আবাসিক বীল হিসেবে লিখলেও পরের মে মাস থেকে তারা নিজেরাই বাণিজ্যিক মিটার হিসেবে বীল লিখে যেতো।

তবে, মেহেরপুর পল্লী বিদ্যুতের গাংনী জোনাল অফিসের ডেপুটি জেনারেল ম্যানেজার (ডিজিএম) আবুল কাশেম বলেছেন, গ্রাহকের সংযোগটি ২০১৩ সালে নেওয়া। এই সংযোগটি আবাসিক সংযোগ ছিলো। পরে সংযোগটি বানিজ্যিক হওয়ায় ঢাকার অডিট আপত্তি-৭ জরিমানা/ ক্ষতিপূরণ বাবদ ৪৯ হাজার ১৭৬ টাকা এবং বাণিজ্যিক বীল হিসেবে প্রতি ইউনিটে ১০ টাকা ৩০ পয়সা দাম ধরে ৫০ হাজার ২৪২ টাকা এসেছে।

২০১৩ সালে বাণিজ্যিক সংযোগের জন্য বিদ্যুৎ বীলের দাম ১০ টাকা ৩০ পয়সা ছিল কিনা এবং এতদিন আবাসিক গ্রাহক বাণিজ্যিক হিসেবে ব্যবহার করে আসছেন পল্লী বিদ্যুৎ অফিস কি ভূমিকা রেখেছেন এ বিষয়টি তিনি এড়িয়ে গেছেন।